গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১১.৮৭৫.১৯-২১৯০

তারিখঃ- ২৭/০৯/২০২২ খ্রিঃ
১২/০৬/১৪২৯ বঃ

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন "১টি এপিডিমিওলজি সেল ও ২৪টি কোয়ারেন্টাইন স্টেশন" এর জন্য অস্থায়ী রাজস্বখাতে সৃজনকৃত নিম্নবর্ণিত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রতিটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | ল্যাবরেটরী টেকনিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড- ১৬তম | ২৪ (চব্বিশ) টি | যে কোন শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচএসসি/ সমমান পাস থাকতে হবে। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড- ১৬তম | ২৩ (তেইশ) টি | ক) যে কোন শিক্ষাবোর্ড হতে এইচএসসি/ সমমান পাস।<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ-<br>১) বাংলা প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>২) ইংরেজি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |
| ৩. | ল্যাবরেটরি এটেনডেন্ট<br>৮২৫০-২০০১০/-<br>বেতন গ্রেড- ২০তম | ৫ (পাঁচ) টি | কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি পাসসহ ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

## নিয়োগের শর্তাবলীঃ-

১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান প্রতিপালিত হবে।

২. অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী এবং শর্তাবলী প্রাণিসম্পদ অধিদপ্তরের job.dls.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। ওয়েব সাইটের অনলাইন নিয়োগ অপশনে গিয়ে আবেদন করতে হবে। অনলাইনের আবেদন ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৩. ক) অনলাইনে আবেদন পত্র পূরণ করার শুরুর তারিখ ও সময় : ২৯/০৯/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে।
খ) অনলাইনে আবেদন পত্র পূরণ করার শেষ তারিখ ও সময় : ২৮/১০/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত।

৪. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৫. মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের হার্ডকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এর সত্যায়িত অনুলিপি ও অন্যান্য কাগজপত্র ২ (দুই) সেট দাখিল করতে হবে এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬. মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত অনুমোদিত সনদ পত্র এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক উত্তরাধিকারী সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং অন্যান্য কোটার ক্ষেত্রেও সনদপত্রের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় মূল সনদ প্রদর্শন করতে হবে।

৭. আবেদন পত্রের সাথে নিয়োগ পরীক্ষার ফি বাবদ বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লিঃ হতে নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং- ১ ও ২ পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং- ৩ পদের জন্য ১০০/- (একশত) টাকা অফেরৎ যোগ্য মূল্যমানের ট্রেজারী চালান মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে ১-৪৪৪১-০০০০-২০৩১ কোডে জমা দিয়ে ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও ঠিকানা অনলাইনে পূরণ করে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনের আবেদন পত্রের সকল অংশ পূরণ করে দাখিল করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

৮. প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার নাতী/ নাতনীদের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৯. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদন পত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং আবেদনপত্রটির কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে।

১০. প্রার্থী নির্বাচনে জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ প্রয়োজন বোধে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের সময়, পদ সংখ্যা কম/ বেশী নির্ধারণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩. সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতি পত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৪. সকল পদের নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান এবং পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইট (job.dls.gov.bd) এবং যোগ্য প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১৫. অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূবেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৬. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৮/১১/২০১৮ তারিখে নং- ৩৩.০০.০০০০.১২০.১৫.০১৪.১৩-২৮৬ সংখ্যক স্মারক এবং ০১/০৬/২০২২ তারিখের নং- ৩৩.০০.০০০০.১২০.১৫.০১৪.১৩-১৫৭ সংখ্যক স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে এই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৭. প্রাণিসম্পদ অধিদপ্তরের ০৮/০৯/২০১৯ তারিখের নং- ৩৩.০১.০০০০.১০১.১১.৮৭৫.১৯-২২৬২ সংখ্যক স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাদেরকে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯. লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

২৭/০৯/২০২২

(ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা)
উপপরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী নিয়োগ কমিটি।